



টুঙ্গিপাড়া পৌরসভা কার্যালয়

টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

www.tungiparapaurashava.org

স্মারক নং- টুঙ্গিপৌর/২০২৫/

তারিখঃ ১৯ জানুয়ারী ২০২৫

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার নোটিশ

এতদ্বারা স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ২৩ জানুয়ারী ২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১০:০০ ঘটিকার সময় পৌরসভার সভাকক্ষে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির এক সভা আহবান করা হচ্ছে। উক্ত সভায় উপস্থিত থেকে আপনার মতামত প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ দৃঢ়করণ;
- ২। পৌরসভার বিভিন্ন কর্মকাণ্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
- ৩। দুঃস্থ মহিলা ও শিশুদের স্বাভাবিক জীবন যাপন ও নিরাপত্তার ব্যবস্থা করা। প্রয়োজনে এতিমখানা, বিধবা নিবাস বা আশ্রয় কেন্দ্র ইত্যাদি প্রতিষ্ঠাকরণে সুপারিশ করা;
- ৪। বিবিধ।

prkms
১৯/০১/২৫

প্রকাশ চক্রবর্তী
সভাপতি

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
টুঙ্গিপাড়া পৌরসভা

ও

উপজেলা সমাজসেবা কর্মকর্তা
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। প্রশাসক, টুঙ্গিপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
- ২। জনাব দিলীপ কুমার দাস, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ, ওয়ার্ড নং -০৪।
- ৩। জনাব ডাঃ তানভীর আহমেদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ওয়ার্ড নং- ০৭,০৮।
- ৪। জনাব মোঃ ফয়সাল আহমেদ, উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ, ওয়ার্ড নং- ০১।
- ৫। জনাব জুয়েল আহমেদ, হিসাব সহকারী, টুঙ্গিপাড়া পৌরসভা।
- ৬। অফিস কপি।



টুঙ্গিপাড়া পৌরসভা কার্যালয়

টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

www.tungiparapaurashava.org

তারিখ- ২৩/০১/২০২৫ খ্রিঃ

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার উপস্থিতির স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১।	জনাব প্রকাশ চক্রবর্তী	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ এবং ওয়ার্ড নং- ০৬,০৯।	সভাপতি	
০২।	জনাব মোঃ মঈনুল হক	প্রশাসক, টুঙ্গিপাড়া পৌরসভা।	সদস্য	
০৩।	জনাব দিলীপ কুমার দাস	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ, ওয়ার্ড নং -০৪।	সদস্য	
০৪।	জনাব ডাঃ তানভীর আহমেদ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ওয়ার্ড নং- ০৭,০৮।	সদস্য	
০৫।	জনাব মোঃ ফয়সাল আহমেদ	উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ, ওয়ার্ড নং- ০১।	সদস্য	
০৬।	জনাব মোঃ জুয়েল আহমেদ	হিসাব সহকারী, টুঙ্গিপাড়া পৌরসভা।	সদস্য-সচিব	 26/01/25



টুঙ্গিপাড়া পৌরসভা কার্যালয়

টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

www.tungiparapurashava.org

তারিখ-২৩/০১/২০২৫ খ্রিঃ

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব প্রকাশ চক্রবর্তী, কাউন্সিলর ০৬,০৯।
সভার স্থান : পৌরসভার সভাকক্ষ
সভার তারিখ : ২৩/০১/২০২৫ খ্রিঃ
সময় : বেলা ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত পরিশিষ্ট "ক" দ্রষ্টব্যঃ


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করার আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব পৌরসভার হিসাব সহকারী মোঃ জুয়েল আহমেদ কে আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনা করার জন্য অনুরোধ করেন। সদস্য-সচিব সালাম জানিয়ে আলোচ্য বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করেন।

কমিটির সদস্য সচিব জনাব মোঃ জুয়েল আহমেদ বলেন, যে পৌরসভার বিভিন্ন কর্মকাণ্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়। বিভিন্ন কমিটিতে মহিলাদের অন্তর্ভুক্ত করা হয়েছে। সভাপতি জনাব প্রকাশ চক্রবর্তী বলেন যে, দুঃস্থ মহিলা ও শিশুদের স্বাভাবিক জীবন যাপন ও নিরাপত্তার ব্যবস্থা করা। প্রয়োজনে এতিমখানা, বিধবা নিবাস বা আশ্রয় কেন্দ্র ইত্যাদি প্রতিষ্ঠাকরণের ব্যবস্থা করা। তিনি আরও বলেন যে, এ বিষয়ে কার্যক্রম এখনও কার্যকর হয়নি আগামীতে এ কার্যক্রম বাস্তবায়ন হতে পারে। এ প্রসঙ্গে তিনি বলেন যে, এ বিষয়ে সমাজের সর্ব স্তরের জনগণকে বেশি করে সচেতন হতে হবে। বিশ্লেষণে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত সমূহঃ

- ১। পৌরসভার বিভিন্ন কর্মকাণ্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার সুপারিশ করা হয়।
- ২। দুঃস্থ মহিলা ও শিশুদের স্বাভাবিক জীবন যাপন ও নিরাপত্তার ব্যবস্থা করা। প্রয়োজনে এতিমখানা, বিধবা নিবাস বা আশ্রয় কেন্দ্র ইত্যাদি প্রতিষ্ঠাকরণে সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৩/০১/২৫
(প্রকাশ চক্রবর্তী)

সভাপতি

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
টুঙ্গিপাড়া পৌরসভা

ও

উপজেলা সমাজসেবা কর্মকর্তা
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।